

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
পার-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৪৩.০২২.০০.০০.০০১.২০১৫ (অংশ)-১৫৫

তারিখঃ ১৯.০২.২০১৯খ্রিঃ

বিষয়ঃ কর্মস্থলে উপস্থিতি নিশ্চিতকরণসহ অন্যান্য করণীয় বিষয় সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের HRIS System এবং Biometric Machine এ রেজিস্ট্রেশনকৃত কর্মকর্তা/ কর্মচারীদের তথ্যাদি পর্যালোচনায় নিম্নবর্ণিত বিষয়সমূহ পরিলক্ষিত হয়ঃ

(ক) বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারীদের তথ্যাদি HRIS System-এ অন্তর্ভুক্ত থাকলেও কোন কোন কর্মকর্তা/ কর্মচারী Biometric Machine-এ রেজিস্ট্রেশন করেন নি;

(খ) যে সকল কর্মকর্তা/ কর্মচারী অবসর/পিআরএল-এ গমন করেছেন, এমনকি অন্যত্র বদলী হলেও তাঁদের তথ্য যথাক্রমে HRIS System এবং Biometric Machine হতে বাদ দেয়া হয়নি এবং বদলীকৃত কর্মকর্তা/ কর্মচারীদের তথ্যাদি HRIS System এ হালনাগাদ করা হয়নি;

(গ) এতদ্ব্যতিত ২৭/০১/১৯খ্রি: তারিখ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় পরিদর্শনকালে চিকিৎসকদের উপস্থিতি নিশ্চিত সকল স্তরের হাসপাতালে Biometric পদ্ধতি চালু করতে সানুগ্রহ নির্দেশনা প্রদান করেছেন।

০২. এমতাবস্থায়, উপরেল্লিখিত কারণে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

(১) বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মকর্তা/ কর্মচারীকে HRIS System এ আগামী ১৫দিনের মধ্যে তথ্যাদি অন্তর্ভুক্ত এবং Biometric Machine-এ রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ করা হলো।

(২) যে সকল কর্মকর্তা ও কর্মচারী অবসর/পিআরএল এ গমন করেছেন তাঁদের তথ্যাদি HRIS System এবং Biometric Machine থেকে বাদ দিয়ে হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো।

(৩) যে সকল প্রতিষ্ঠান এখনও Biometric Machine-এ উপস্থিতি চালু করা হয়নি, সে সকল প্রতিষ্ঠান প্রধানকে জরুরী ভিত্তিতে Biometric Machine স্থাপন করা সহ কর্মস্থলে শতভাগ উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।

উপরোক্ত সিদ্ধান্তসমূহ আগামী ১৫ (পনের) দিনের মধ্যে বাস্তবায়ন করে বাস্তবায়নের প্রতিবেদন স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(এ কে এম ফাহিমুল হক)

যুগ্ম-সচিব (পার-২)

ফোনঃ ৯৫৪০৪৪৮

dsper2@mohfw.gov.bd

১৯/২/২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
০২. পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)
০৩. পরিচালক (এমআইএস/প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
০৪. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) (সকল)
০৫. পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)
০৬. সিভিল সার্জন (সকল)
০৭. তত্ত্বাবধায়ক/ সহকারী পরিচালক, ১০০ এবং ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল (সকল)
০৮. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

০১. মাননীয় মন্ত্রী/ প্রতিনিধীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)